

সংবাদ সম্মেলনে গার্লস্ অর্থনীতি
 কলেজের ছাত্রীরা -

অধ্যক্ষের পদত্যাগ ও পুলিশি হামলার বিচার দাবি

ঢাবি সংবাদদাতা

পুলিশি হামলার বিচার এবং
 কলেজের অধ্যক্ষের পদত্যাগের
 দাবি জানিয়েছে আন্দোলনরত
 গার্লস্ অর্থনীতি কলেজের ছাত্রীরা।
 ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে
 অনুষ্ঠিত, বৃহস্পতিবার সংবাদ
 সম্মেলনে বক্তারা এ দাবি জানান।

ছাত্রীরা গার্লস্ অর্থনীতি কলেজকে
 ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট
 হিসেবে ঘোষণাসহ ৬ দফা দাবিতে
 আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা
 দেয়। দাবি আদায়ের লক্ষ্যে ২৭ জুন
 ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ এবং
 ২৯ জুন সিনেট ভবন ঘেরাওয়ার
 কর্মসূচি ঘোষণা করে তারা।

তারা আরো বলেন, কর্তৃপক্ষ গার্লস্
 অর্থনীতি কলেজকে ঢাকা
 বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট না করে
 উদ্ভেদ আন্দোলন দমানো জন্য হুমকি
 এবং সর্বশেষ আন্দোলনরত ছাত্রী
 মুমুর্ভাঙ্কিনা মুমু ও সাবিনাকে
 রোববার ছাত্রীনিবাস থেকে
 অভিভাবকদের হাতে তুলে দেয়।
 পরদিন ছাত্রী মুমু ও সাবিনাকে
 ফিরিয়ে আনার দাবিতে দুপুর ১২টার
 দিকে মিছিল করে শিক্ষার্থীরা
 অধ্যক্ষের কাছে দাবি জানাতে
 থাকে। কিন্তু শিক্ষকদের পক্ষ থেকে
 কোনো সাড়া না পেয়ে কলেজের
 সামনের সড়কে অবস্থান নেয় তারা।
 ১ বণ্টা পর ছাত্রীদের রাষ্ট্রা থেকে
 উঠে যেতে বললে অস্বীকৃতি জানালে
 পুলিশ ছাত্রীদের লাঠিচার্ঘ এবং
 ধাওয়া করে। পরিস্থিতি সামাল
 দিতে কলেজ কর্তৃপক্ষ
 অনির্দিষ্টকালের জন্য কলেজ ও হল
 বন্ধ ঘোষণা করে এবং সন্ধ্যা ৭টার
 মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়।
 ছাত্রীরা হল ত্যাগ করে কেন্দ্রীয়
 শহীদ মিনারে সারারাত অবস্থান
 ধর্মঘণ্টের ঘোষণা করে।